দামুড়হুদার হাউলীতে জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছাসেবক দলের আলোচনা সভা ও দোয়া মাহফিল

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেলে হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে জয়রামপুর কুঠিরপাড়া এলাকায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলামের সভাপতিত্বে এবং সিনিয়র সহ-সভাপতি ইদ্রিস আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা। এসময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আবু বকর, সহ-সাধারণ সম্পাদক তারিখ হোসেন, ১ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি শরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক মমিন হোসেন, ৪ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি রুবেল হোসেন, ৫ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাবিবুর রহমান, সহ-সভাপতি চাঁদ আলী, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের নেতা মিল্টন হোসেন, স্বাধীন হোসেন, মুক্তার হোসেন, রতন, হাসিবুল, রাসেল, এনামুল হকসহ দলীয় নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশের স্বাধীনতা, গণতন্ত্র ও জাতীয়তাবাদী রাজনীতির এক উজ্জ্বল নক্ষত্র। তাঁর আদর্শ ও কর্মময় জীবন নতুন প্রজন্মকে দেশপ্রেম, আত্মনির্ভরশীলতা এবং জনগণের কল্যাণে কাজ করার প্রেরণা জোগায়। বক্তারা তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর আদর্শ বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানের শেষপর্বে চৌধুরীপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা ইছানুর রহমান বিশেষ দোয়া পরিচালনা করেন। দোয়ায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনার পাশাপাশি দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং কল্যাণ কামনা করা হয়।

দামুড়হুদায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, দোয়া ও খাবার বিতরণ

মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে দামুড়হুদায় আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থ ও অসহায় মানুষের মাঝে খাবার বিতরণ কর্মসূচি পালন করেছে দামুড়হুদা উপজেলা বিএনপি।

আজ শনিবার দামুড়হুদা বাজারে উপজেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। পরে দলীয় নেতাকর্মীরা বাজার এলাকার বিভিন্ন মোড়ে মোড়ে গিয়ে দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয়তাবাদী চেতনার এক অবিস্মরণীয় নাম। মুক্তিযুদ্ধে তাঁর বীরত্বপূর্ণ অবদান, স্বাধীনতার ঘোষণা এবং পরবর্তীতে দেশের অর্থনৈতিক পুনর্গঠন ও গণতান্ত্রিক প্রতিষ্ঠা গড়ে তোলার উদ্যোগ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকবে। দেশের সংকটময় সময়ে নেতৃত্ব দিয়ে তিনি জাতিকে নতুন স্বপ্ন ও আত্মবিশ্বাসের পথ দেখিয়েছিলেন।

বক্তারা আরও বলেন, জিয়াউর রহমানের আদর্শ ছিল আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়ে তোলা এবং জনগণের ক্ষমতায়নে বিশ্বাসী একটি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করা। তাঁর কর্মময় জীবন ও দেশপ্রেম আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ

সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ,নেতৃবৃন্দসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

অনুষ্ঠান শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। পাশাপাশি দেশের শান্তি, সমৃদ্ধি ও জনগণের কল্যাণ কামনা করা হয়। পরে অসহায় ও দুস্থ মানুষের মাঝে খাবার বিতরণের মাধ্যমে কর্মসূচির সমাপ্তি ঘটে।

মুজিবনগরে বিএনপি’র ‘জুলাই সনদ বাস্তবায়নে অঙ্গীকার’ শীর্ষক আলোচনা সভা

‘জুলাই সনদ বাস্তবায়নে বিএনপি’র অঙ্গীকার’ শীর্ষক এক আলোচনা সভা মেহেরপুরের মুজিবনগর পর্যটন মোটেলে অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার মুজিবনগর উপজেলা বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের উদ্যোগে এ সভার আয়োজন করা হয়। দেশের বিদ্যমান রাজনৈতিক পরিস্থিতি, জনআকাঙ্ক্ষা এবং দলের ভবিষ্যৎ রূপরেখা বাস্তবায়নের প্রত্যয় নিয়ে সভায় বক্তারা গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন বলেন, “জুলাই আন্দোলনের চেতনা ও জুলাই সনদ আমাদের নতুন বাংলাদেশের পথ দেখায়। বিএনপি সবসময় জনগণের অধিকার প্রতিষ্ঠায় আপসহীন। এই সনদ বাস্তবায়নের মাধ্যমে আমরা দেশে একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে অঙ্গীকারাবদ্ধ। মেহেরপুর জেলা বিএনপি জনগণের পাশে থেকে এই আন্দোলন ও রূপরেখাকে সফল করতে যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত।”

জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান প্রধান

বক্তার বক্তব্যে দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, “ফ্যাসিবাদী শক্তির পতন হলেও তাদের ষড়যন্ত্র এখনো থেমে নেই। জুলাই সনদের প্রতিটি দফা আমাদের অক্ষরে অক্ষরে বাস্তবায়ন করতে হবে। তৃণমূল পর্যায় থেকে দলকে আরও শক্তিশালী করে জনগণের ভোটাধিকার ও মৌলিক অধিকার ফিরিয়ে আনাই এখন আমাদের মূল লক্ষ্য।”

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, “মুজিবনগরের ঐতিহাসিক মাটিতে দাঁড়িয়ে আমরা আজ এই শপথ নিচ্ছি যে, দেশের গণতন্ত্র পুনরুদ্ধার এবং জুলাই সনদ বাস্তবায়নে উপজেলা বিএনপি রাজপথে অগ্রণী ভূমিকা পালন করবে। কোনো অপশক্তিই আমাদের এই অগ্রযাত্রাকে রুখতে পারবে না।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন ও আখেরুজ্জামান, মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মশিউর রহমান।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আনোয়ারুল হক কালু, জেলা যুবদলের তথ্য সম্পাদক হাবিবুর রহমান ভিকুসহ জেলা ও উপজেলা নেতৃবৃন্দ।

সভাটি সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম।

আলোচনা সভায় জেলা বিএনপি, উপজেলা বিএনপি, যুবদল, ছাত্রদলসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন। বক্তারা আগামী দিনে দলের সকল কর্মসূচি সফল করতে এবং জনগণের পাশে থেকে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে মেহেরপুরে বিএনপির মতবিনিময় ও আলোচনা সভা

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে “বিএনপির অঙ্গীকার” শীর্ষক মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ আহমেদ। সভা পরিচালনা করেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

সভায় বক্তারা বলেন, জুলাই জাতীয় সনদ অক্ষরে অক্ষরে বাস্তবায়নে বিএনপি প্রতিশ্রুতিবদ্ধ। দেশ পরিচালনায় এ সনদের মূল চেতনাকে ধারণ করে একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠায় দলটি বদ্ধপরিকর।
এসময় ব্যাপক প্রচারের অংশ হিসেবে লিফলেট বিতরণ এবং নেতাকর্মীদের বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমান আহমেদ ও ওমর ফারুক লিটন, সাবেক সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাপি, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাসসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

দামুড়হুদায় মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরে ‘মসলার উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় কৃষক মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১২টায় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলার জয়রামপুর শেখপাড়ায় কৃষক রুহুল আমীনের আম বাগানে এ মাঠ দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের দেশে ৩০ হাজার কোটি টাকার মশলার বাজার আছে। প্রতি বছর আমরা ৯০০ কোটি টাকার মশলা আমদানি করি। এই অঞ্চলের কৃষকরা কিন্তু উদ্যক্তা। মোট ১০৯ প্রকার মশলা হয়, এর মধ্যে ৫০ প্রকার মশলা আমাদের দেশে চলে, এর মধ্যে ১৭টি মশলার চাষ হয়। কিন্তু বেশি চাহিদা ৫টি মশলার। আপনারা বাড়ির আশপাশের পতিত জায়গায় এই বারি রসুন ৩ ফলাতে পারেন। বাড়িতে যদি বস্তায় আদা চাষ করেন তাও নিজেদের পরিবারের চাহিদা মেটাতে পারি। তাই মশলা যদি আমরা নিজেরাই চাষ করি তাহলে আমাদের আমদানিতে টাকা খরচ কম হবে। আমরা আগামীতে আর বাইরে থেকে পিয়াজ আমদানি করতে চাইনা। আগামীতে ৪৪,৫০০ জন কৃষকদের পেয়াজ চাষের জন্য সার বীজ সব দিয়ে সহযোগিতা করা হবে। আমরা আর বাইরের দেশ থেকে পেয়াজ আমদানি করতে চাইনা। আপনারা এই বারি রসুন ৩ চাষ করে নিজের পরিবারের চাহিদা মেটাতে পারি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মাসুদুর রহমান সরকার, বিশেষ অতিথি ছিলেন জেলা অতিরিক্ত উপপরিচালক (শস্য) কৃষ্ণ রায়।

এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, কৃষি উপসহকারী সাইফুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

অনুষ্ঠানে বারি রসুন-৩ জাতের চাষাবাদ, ফলন বৃদ্ধি ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর বিস্তারিত আলোচনা করা হয়। কৃষকদের মাঝে

উন্নত জাতের মসলা চাষে উদ্বুদ্ধ করতে বিভিন্ন দিকনির্দেশনাও প্রদান করা হয়।উক্ত মাঠ দিবস ও আলোচনা সভায় প্রায় ১৫০ জন কৃষক-কৃষাণী অংশগ্রহণ করেন।

গাংনীতে ব্যাংক এশিয়ার ইফতার মাহফিল ও আলোচনা সভা

ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকের মেহেরপুরের গাংনী উপজেলা শাখার উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ইফতারপূর্ব আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকের গাংনী উপজেলা শাখার পরিচালক মো. মাসুম কিবরিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য নজমুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. রবিউল ইসলাম, পৌর শাখার আমির আহসানুল হক, ব্যাংক এশিয়ার সিনিয়র অফিসার মো. রোয়েল মিয়া, মেহেরপুর জেলা শাখার ব্যবস্থাপক ফিরোজ আল মামুন এবং গাংনী পৌর জামায়াতের বায়তুল মাল সম্পাদক জিল্লুর রহমান।

সঞ্চালনায় ছিলেন সাংবাদিক রাশিদুল ইসলাম বোরহান।

আলোচনা সভায় ব্যাংক এশিয়ার বিভিন্ন এজেন্ট শাখার পরিচালক ও গ্রাহকরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা অমর একুশে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গা আলাউদ্দিন আহম্মেদ পাঠাগারের উদ্যোগে অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে তিন দিনের বইমেলা অনুষ্ঠানের অংশ হিসেবে আলোচনা সভা, কবিতা পাঠ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেল সাড়ে ৩টার সময় মেলার মাঠে আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলাউদ্দিন আহম্মেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সহ-সভাপতি হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক কবি আসিফ জাহান, সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, গাংচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সভাপতি জামিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার।

সাহিত্য পরিষদের কোষাধ্যক্ষ কবি সিদ্দিকুর রহমানের উপস্থাপনায় বক্তব্য রাখেন কবি আব্দুল খালেক, কবি মোস্তাফিজুর রহমান ফারায়েজি, কবি অহর আলী, কবি টিনু, রিয়াজ জাহিন, রফি সাধূ, সুজন নাহিদ, আফিম রাজদীপ ও মুস্তাকিম। সভায় কবিতা আবৃতিকারদের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন খন্দকার হামিমদুল ইসলাম আজম, ওমর আলী মাষ্টার এবং সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি।

অমর একুশে উপলক্ষে মেহেরপুর

জেলা জামায়াতের আলোচনা সভা

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শনিবার সকালে জেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজউদ্দিন খানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, নায়েবে আমির মাহবুবুল আলম, পৌর আমির সোহেল রানা ডলার এবং জেলা বিএমএ’র সভাপতি ডা. আব্দুস সালাম প্রমুখ।

বক্তারা মহান ভাষা আন্দোলনের শহীদদের আত্মত্যাগের গুরুত্ব তুলে ধরে বলেন, মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তারা নতুন প্রজন্মকে ভাষা আন্দোলনের সঠিক ইতিহাস জানার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে ভাষা শহীদদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকীতে মেহেরপুরে দোয়া ও আলোচনা সভা

বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর-উত্তমের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। যুবদল নেতা আলমগীর হোসেনের উদ্যোগে গতকাল সোমবার বিকেলে শহরের পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় এ কর্মসূচি পালন করা হয়।

দোয়া ও আলোচনা সভায় সভাপতির বক্তব্যে যুবদল নেতা আলমগীর হোসেন

বলেন, শহীদ জিয়াউর রহমান ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়ার গাবতলী উপজেলার নিভৃত পল্লী বাগবাড়িতে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন দূরদৃষ্টিসম্পন্ন জনপ্রিয় রাষ্ট্রনায়ক, অসাধারণ দেশপ্রেমিক, অসম সাহসী ও সহজ-সরল ব্যক্তিত্বের প্রতীক। তাঁর নেতৃত্ব ও অবদানে বাংলাদেশের ইতিহাস সমৃদ্ধ হয়েছে।

তিনি আরও বলেন, ১৯৮১ সালে কিছু বিপথগামী সামরিক কর্মকর্তার হাতে চট্টগ্রাম সার্কিট হাউসে মর্মান্তিকভাবে শহীদ হন প্রেসিডেন্ট জিয়াউর রহমান। তবে তাঁর আদর্শ ও দেশপ্রেম নতুন প্রজন্মের মাঝে আজও প্রেরণা জোগায়।

এসময় আরও উপস্থিত ছিলেন নবীন দলের সভাপতি আনোয়ার শেখ, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আব্দুল্লাহ, জেলা জিয়া সাইবার ফোর্সের সিনিয়র যুগ্ম সম্পাদক নাজমুল হক সোহাগ, বিএনপি নেতা রোকনুজ্জামানসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

শেষে শহীদ জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া ও আলোচনা সভা

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে পিজন ক্লাবে এ দোয়া মাহফিল ও আলোচনা সভা করা হয়।

কোটচাঁদপুর পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি

আব্দুর রাজ্জাক।

প্রধান বক্তা হিসেবে আলোচনা সভায় বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী মেহেদী হাসান রনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক উপজেলা চেয়ারম্যান একরামুল হক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন।

সভা শেষে দোয়া অনুষ্ঠান ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন, কোটচাঁদপুর ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের মহতামিম মাওলানা নুরুন্নবী আশিকী।